# সংবাদ বিজ্ঞপ্তি

## অর্থমন্ত্রীর সম্পদ বিবরণী প্রকাশের উদ্যোগকে অভিনন্দন জানাল টিআইবি

**ঢাকা, বৃহঃস্পতিবার, ৯ সেপ্টেম্বর ২০১০:** অনলাইনে সম্পদের বিবরণী প্রকাশ করায় মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত কে অভিনন্দন জানিয়েছে টিআইবি।

এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, সরকারের নির্বাচনী অঙ্গীকারের প্রতি শ্রদ্ধাশীল হয়ে মাননীয় অর্থমন্ত্রীর গৃহিত এই উদ্যোগ দেশে দুর্নীতি প্রতিরোধ, সুশাসন প্রতিষ্ঠা এবং ক্ষমতাসীনদের জবাবদিহিতা নিশ্চিত করতে একটি অনুসরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে। তিনি এই দৃষ্টান্ত অনুসরণ করে মাননীয় প্রধানমন্ত্রীসহ অন্যান্য সম্মানিত মন্ত্রী, সংসদ সদস্য ও তাদের পরিবারের সম্পদের বিবরণী প্রকাশের জোর দাবি জানান। এধরনের পদক্ষেপ সরকার ও রাজনীতির ওপর জনগণের আস্থা প্রতিষ্ঠায় সহায়ক হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারে প্রধানমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য ও তাদের পরিবারের সম্পদের হিসাব ও আয়ের উৎস প্রতিবছর জনসমক্ষে প্রকাশের কথা থাকলেও পরবর্তীতে মন্ত্রিসভায় তা আলাদাভাবে প্রকাশ না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা সরকারের নির্বাচনী অঙ্গীকারের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। অর্থমন্ত্রীর এই দৃষ্টান্ত জনমনে নতুন আশার সঞ্চার করবে বলে টিআইবি মনে করে।

গণমাধ্যম যোগাযোগ:

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
যোগাযোগ: ০১৭১৩০৬৫০১২
rezwan@ti-bangladesh.org